# উদ্ভাবন প্রকল্প ছক

দপ্তরের নাম :উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ।

| | |
|---|---|
| ১. উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | Smart Governance নিশ্চিতকরণে PIB (Project/ Institution/Beneficiary) Data Integration System |
| ২. সমস্যার সংক্ষিপ্ত বিবরণ | ❖ উপজেলার নাগরিকগণ সামাজিক নিরাপত্তা বেস্টনীর আওতায় গ্রহণকৃত সেবাসমূহ; উন্নয়ন প্রকল্প/হাওর বাঁধের স্কীমের কমিটিসমূহ/জলমহালের ইজারাদার ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সেবাসমূহের ক্ষেত্রে দ্বৈততা পরিলক্ষিত হচ্ছে। এছাড়া উপজেলাতে ক্যাটাগরিভিত্তিক সেবার বিপরীতে বিভিন্ন আবেদন পাওয়া গেলেও তা যথা সময়ে উপর্যুক্ত ব্যক্তিকে পরিবারভিত্তিক যাচাই ও পূর্বপ্রাপ্ত সেবার মূল্যমানের ভিত্তিতে সেবা প্রদানের ক্ষেত্রে তথ্যভিত্তিক ভাবে উপস্থাপন করা যাচ্ছে না। আবার কেউ কেউ চাকুরীরত আছেন। এদের চিহ্নিত করা বা মনে রাখা কঠিন কাজ।<br>❖ বিভিন্ন উন্নয়ন প্রকল্প সমূহ: টিআর, কাবিখা, এডিপি, উপজেলা রাজস্ব তহবিলের প্রকল্প বিগত বছরসমূহে ইউনিয়ন ও ওয়ার্ড অনুযায়ী কোথায় নেওয়া হয়েছে সেটার তথ্যভিত্তিক উপস্থাপনার অভাব পরিলক্ষিত হয়।<br>❖ উপজেলার সমন্বয়কারী হিসেবে উপজেলার প্রত্যেক নাগরিকদের প্রাথমিক ধারণা এবং সহজে যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করা যাচ্ছে না।<br>❖ শিক্ষাক্ষেত্রে পিছিয়ে থাকা এই উপজেলার শিক্ষার্থীদের ঝরে পড়া/শ্রেণী পুনরাবৃত্তির তথ্য এবং শ্রেণীভিত্তিক ও ছাত্র/ছাত্রী ভিত্তিক উপস্থিতির হার বিশ্লেষণ/সংগ্রহপূর্বক তাদের পরিবারভিত্তিক তথ্য বিশ্লেষণ করা কঠিন।<br>❖ যথাসময়ে যথাযথ ব্যক্তির তথ্য প্রাপ্তির নিশ্চিতপূর্বক সম্পদের সুষম বন্টন করা যাচ্ছে না।<br>❖ নাগরিকগণের প্রাপ্ত সেবাসমূহের ব্যাপারে দপ্তরসমূহের পর্যাপ্ত তথ্য না থাকা।<br>❖ উপজেলার নাগরিকগণের স্যানিটেশন/পয়:নিষ্কাশন ও সুপেয় পানির প্রাপ্যতার পর্যাপ্ত তথ্য না থাকা।<br>❖ উপজেলায় এনজিও কর্তৃক বাস্তবায়িত সেবা/কার্যক্রম সম্পর্কে তথ্য/উপাত্ত হালনাগাদ না থাকা। |
| ৩. সমাধান | ❖ :প্রত্যেক সেবা গ্রহিতা এবং তার পরিবারের সদস্যদের এবং উপকারভোগী শিশুদের মা-বাবা কে সফটওয়্যারের মাধ্যমে এনআইডি দিয়ে রেজিস্ট্রেশন করে সেবার মান (Weight of service)নির্ধারণ করে রাখা হবে। যে সকল সেবা গ্রহীতা বা উপকারভোগী বিভিন্ন সেবা বা সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সেবা বা অন্যান্য ক্ষেত্রে বেশি বেশি সুযোগ সুবিধা ভোগ করছেন তাদের অর্জনটি (Weight of service) ক্রমান্বয়ে সবুজ, হলুদ, লাল ইত্যাদি মার্কিং হবে। ফলে সেবা গ্রহিতা বা উপকারভোগী নির্ধারণে সহজলভ্যতা তৈরী হবে এবং Overlapping অনুসন্ধান করা যাবে।<br>❖ ব্যক্তি/নাগরিকের সম্পর্কে সম্যক ধারণা গ্রহণপূর্বক সিদ্ধান্ত বাস্তবায়ন/গ্রহণ।<br>❖ একই ধরণের সেবা প্রাপ্তির ক্ষেত্রে পূর্ব তথ্য বিশ্লেষণ করে এনআইডি কে পরবর্তী সুবিধা প্রদান হতে বিরত রাখা যাবে।<br>❖ নাগরিকের জাতীয় পরিচয়পত্রের বিপরীতে সকল তথ্যাদির একত্রীকরণ।<br>❖ উপজেলায় গত পাঁচ বছরের বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের তথ্যাদি ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক হালনাগাদ পূর্বক বিশ্লেষণ করা। |

CS CamScanner

| | |
|---|---|
| ৪. উদ্যোগের প্রয়োজনীয়তা | ❖ নাগরিকগণের তথ্যাদি যাচাইপূর্বক যথোপযুক্ত ব্যক্তিকে সেবা প্রদানের মাধ্যমে সম্পদের সুষম বন্টন নিশ্চিতকরণ।<br>❖ বিভিন্ন সামাজিক সুরক্ষা সেবা বা সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রদত্ত সেবাসমূহ: শিক্ষার্থীদের বৃত্তি, উপ-বৃত্তি বা অনুদান প্রদান, বিভিন্ন উন্নয়ন প্রকল্পের পিআইসি গঠনে উপজেলা নির্বাহী অফিসার বা কর্তৃপক্ষ কর্তৃক উপকারভোগী বাছাই করতে সুবিধা হবে।<br>❖ প্রকল্প বাস্তবায়নে দ্বৈততা পরিহার পূর্বক সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার।<br>❖ প্রান্তিক পর্যায়ে নাগরিক সুবিধা নিশ্চিত করা যাবে।<br>❖ উপজেলার বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে সকল তথ্যাদির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা যাবে।<br>❖ উপজেলার প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।<br>❖ নাগরিকদের/কর্মকর্তাদের/শিক্ষকমন্ডলীদের ক্যাটাগরিভিত্তিক/কমিটিভিত্তিক/প্রতিষ্ঠানভিত্তিক সহজ যোগাযোগ ও বার্তা প্রেরণ নিশ্চিত করা।<br>❖ নাগরিকদের প্রাপ্ত সেবার মূল্যমান সম্পর্কে বিভিন্ন দপ্তর ও ইউনিয়নর পরিষদের ধারণা প্রদান।<br>❖ পূর্বোক্ত অভিজ্ঞতা/মতামতকে কাজে লাগিয়ে বিভিন্ন সিদ্ধান্ত |
| ৫. পাইলটের স্থান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। |
| ৬. বাস্তবায়ন কাল | :ডিসেম্বর ২০২৩ হতে চলবে। |
| ৭ টিমের সদস্যবৃন্দ | ক) সদস্য: নাম: সুকান্ত সাহা<br>পদবি: উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ<br>মোবাইল: ০১৭৩০৩৩১১১৭<br>ই-মেইল: unosouthsunamganj@gmail.com<br>প্রতিষ্ঠানের ওয়েবসাইট:https://shantiganj.sunamganj.gov.bd/ |
| ৮. প্রয়োজনীয় রিসোর্স | :উপজেলার বিভিন্ন দপ্তরের তথ্যাদি সংগ্রহ পূর্বক সফট্ওয়্যার নির্মাণের কোন একটি সংস্থার সাথে চুক্তিবদ্ধ হতে হবে। |
| ৯. রিসোর্সের যোগান | :উপজেলার রাজস্ব তহবিলের বিভিন্ন খাত হতে প্রয়োজনীয় অর্থ সরবরাহের ব্যবস্থা নেয়া যেতে পারে। |
| ১০. কর্ম পরিকল্পনা | :ইতোমধ্যে উপজেলা হতে প্রাপ্ত সেবা গ্রহীতা সাধারণ নাগরিক ও সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পরিবারভিত্তিক প্রায় এক লাখ জনের তথ্য সংগ্রহপূর্বক হালনাগাদ করা হয়েছে। এছাড়া এ অফিসে সেবা/অনুদান এর জন্য যারা আবেদন করবে তাদেরকে আবশ্যিকভাবে এনআইডি দাখিল করতে হবে। উক্ত এনআইডি দিয়ে তার যাবতীয় তথ্য সফট্ওয়্যারে হালনাগাদ ও যাচাই করা হবে। সময়ে সময়ে উপজেলাতে বিভিন্ন কাজ পরিচালনা কালে বিভিন্ন ব্যক্তির কার্যমান ও ব্যক্তি সম্পর্কে তথ্য মতামত আকারে হালনাগাদ করা হবে। যা পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণে অধিকতর সহজ হবে। এ ছাড়া পরবর্তী সময়ে বিভিন্ন দপ্তর কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সময়ে সময়ে হালনাগাদ করা হবে। একইসাথে বিভিন্ন প্রকল্পের তথ্যাদি ও প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য হালনাগানাদ করা হবে। এছও বিভিন্ন অফিসে গৃহীত তালিকা অনুসন্ধান করে তাদের এনআইডি সংগ্রহ করে রেজিস্ট্রেশন করা হবে সেখানে তার কাঙ্খিত বা প্রাপ্ত সেবা পাওয়ার বিষয়টি উল্লেখ থাকবে। |

(সুকান্ত সাহা)
নির্বাহী অফিসার